

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০২.১৫. ৫০

তারিখ : ১৩ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ।
২৬ জানুয়ারি, ২০১৬ খ্রিঃ।

বিষয় : বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরসমূহের মাঠ পর্যায়ের অফিস ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে স্থানান্তর প্রসংগে।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-ইপ/বিবিধ-১৪/২০০১/৮২১, তারিখঃ ২৫.০৬.২০০৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, তৃণমূল পর্যায়ে জনসাধারণকে One Stop Service প্রদানের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে নিম্নবর্ণিত মন্ত্রণালয়/বিভাগের ইউনিয়ন পর্যায়ের অফিস স্থানান্তরের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল (কপি সংযুক্ত):


(১) কৃষি সম্প্রসারণ (২) পশু সম্পদ (৩) আনসার ডিডিপি (৪) ডিপিএইচই (৫) বিআরডিবি (৬) শিক্ষা (৭) এলজিইডি।

এ ছাড়া স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৬৩ ধারা অনুযায়ী "নির্ধারিত শর্ত সাপেক্ষে পরিষদের সাধারণ বা বিশেষ কার্য সম্পাদনের লক্ষ্যে সরকার তৃতীয় তফসিলে বর্ণিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সমাজকল্যান মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়ের কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, স্থানীয় সরকার বিভাগের অধিনস্থ এলজিইডি ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আনসার ও ডিডিপি অধিদপ্তরের সরকারি কর্মকর্তা বা কর্মচারী এবং তাহাদের কার্যাবলী নির্ধারিত সময়ের জন্য পরিষদে হস্তান্তর করিতে পারিবে, উক্তরূপে হস্তান্তরিত কর্মকর্তা বা কর্মচারীগণ সংশ্লিষ্ট পরিষদের ব্যবস্থাপনায় দায়িত্ব পালন করিবেন।" কিন্তু দেশের অনেক ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে কক্ষ বরাদ্দ রাখা হলেও অফিসসমূহ স্থানান্তর করা হয়নি।

০২। এমতাবস্থায়, দেশের বিভিন্ন ইউনিয়ন পরিষদে উল্লিখিত অফিসসমূহ স্থানান্তর হয়েছে কিনা সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৩(তিন) কার্যদিবসের মধ্যে নিম্নবর্ণিত ছক মোতাবেক স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

ক্রমিক	জেলা ও উপজেলার নাম	ইউনিয়নের নাম	নিজস্ব ভবন আছে কিনা এবং বর্তমান অবস্থা	ইউনিয়ন পরিষদ ভবনে যে সকল মন্ত্রণালয়/বিভাগের অফিস রয়েছে তার নাম	স্থানান্তর না হয়ে থাকলে তার কারণ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭

০৩। বিষয়টি অতীব জরুরি।


(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

বিতরণ (কার্যার্থে)ঃ

- ১। জেলা প্রশাসক (সকল) জেলা।
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল) জেলা।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।